



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)

এবং

সচিব, শিল্প মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই ২০১৫ হতে ৩০ জুন ২০১৬ পর্যন্ত

## সূচিপত্র

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এনপিও'র) কর্মসম্পাদনের সার্বিক চিত্র	১
উপক্রমনিকা	২
সেকশন-১ : রূপকল্পঃ(Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৩
সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)	৪
সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৫-৬
সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ (Acronyms)	৮
সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি	৯
সংযোজনী-৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদা সমূহ	১০

## ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of National Productivity Organisation )

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ একটি সংযুক্ত দপ্তর। ১৯৮৯ সালে প্রতিষ্ঠানটি স্থাপিত হয়। দেশের অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়নের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে উৎপাদনশীলতা কার্যক্রম পরিচালনা করা এ দপ্তরের মূখ্য উদ্দেশ্য।

### সাম্প্রতিক বছর সমূহে (৩ বছর) এনপিও'র প্রধান অর্জন:

দেশের শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান সমূহকে ক্যাটাগরী অনুযায়ী ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান। উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে হিসেবে গড়ে তোলা এবং প্রতি বছর ০২ অক্টোবরকে জাতীয় উৎপাদনশীলতা দিবস হিসেবে পালন করা।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

এনপিও'র কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য যে পরিমাণ জনবল প্রয়োজন সে পরিমাণ জনবল না থাকায় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সমস্যা হচ্ছে। এছাড়া কোন আঞ্চলিক অফিস না থাকায় প্রত্যন্ত অঞ্চলে যথাযথভাবে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। সাধারণ পেশাজীবী ব্যক্তিবর্গের যথাযথ প্রশিক্ষণের অভাব এবং সাধারণ পেশাজীবী ব্যক্তিবর্গের সাথে ইঞ্জিনিয়ারিং ব্যাকগ্রাউন্ডের লোক না থাকায় কার্যক্রম বাস্তবায়নে সমস্যা হচ্ছে। বাজেট সীমাবদ্ধতাও এনপিও'র কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নে অন্যতম বড় চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনা:

অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাতে যথাযথ পদ্ধতির মাধ্যমে উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা এবং উৎপাদনশীলতা দেশের অর্থনৈতিক উন্নয়নে কতটুকু অবদান রাখছে তা পরিমাপ করা। এছাড়াও এনপিও'র কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য নিজস্ব ভবন নির্মাণ এবং রাজশাহী, চট্টগ্রাম ও খুলনায় ০৩টি আঞ্চলিক অফিস নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

### ২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ১। ৩৭টি প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা;
- ২। KAIZEN পদ্ধতিতে ০৩টি প্রতিষ্ঠানে কনসালটেন্সি সার্ভিস প্রদান করা;
- ৩। বিভিন্ন প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বিষয়ক গতি প্রকৃতি নির্ধারণ পূর্বক ৮টি গবেষণা মূলক প্রতিবেদন প্রস্তুত করা;
- ৪। উৎপাদনশীলতা বিষয়ে সকল মহলকে সচেতন করে তোলার জন্য ২১৮০০টি প্রচার-পুস্তিকা/পোস্টার বিতরণ করা।
- ৫। উৎপাদনশীলতা বিষয়ে অবদানের স্বীকৃতি হিসেবে ০৬ ক্যাটাগরীতে কোয়ালিটি এওয়ার্ড প্রদান।

## উপক্রমিকা (Preamble)

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর প্রতিনিধি হিসেবে পরিচালক

এবং

মাননীয় সচিব, শিল্প মন্ত্রণালয় এর মধ্যে ২০১৫ সালের ১২ অক্টোবর তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১:

### ১.১ : রূপকল্প (Vision):

উৎপাদনশীলতার উন্নয়নে বাংলাদেশের প্রধান নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা এবং উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দীর্ঘ এবং স্বল্প পর্যায়ে উৎপাদন এবং গুণগত পদ্ধতির উন্নয়ন এবং প্রতিযোগিতামূলক সেবা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

#### ১.৩.১ বিভাগের কৌশলগত উদ্দেশ্য সমূহ :

- ১। উৎপাদনশীলতা বিষয়ে জনগণকে সচেতন করা;
- ২। উৎপাদনশীলতা বৃদ্ধির কলাকৌশলকে কাজে লাগানোর মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন;
- ৩। প্রনোদনা দেওয়া।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ :

- ১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- ২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- ৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন ;
- ৪। উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
- ৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions) :

- ১। উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ কলাকৌশল উদ্ভাবন ও নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান করা;
- ২। জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা ;
- ৩। শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতিধারা সমূহ রাখার লক্ষ্যে পরামর্শ সেবা ও কনসালটেন্টের মাধ্যমে প্রভাবক বা ক্যাটালিস্ট হিসাবে দায়িত্ব পালন করা ;
- ৪। উৎপাদনশীলতা বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণসহ প্রতিবেদন প্রস্তুতপূর্বক বিভিন্ন মহলে বিতরণ করার লক্ষ্যে তথ্য ভান্ডার গঠন করা এবং
- ৫। বাংলাদেশে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করা।

সেকশন-২

ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome)	চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator)	একক (Unit)	ভিত্তিবছর ২০১৩-১৪	প্রকৃত অর্জন* ২০১৪-১৫	লক্ষ্যমাত্রা ২০১৫-১৬	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাস্তসূত্র (Source of Data)
						২০১৬-১৭	২০১৭-১৮		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
উৎপাদনশীলতা বিষয়ে ধারণা লাভ	প্রশিক্ষণ ও কর্মশালা	সংখ্যা	২৯	৪২	৩৭	৪০	৪২	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	
বিভিন্ন প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা তুলনা	গবেষণা প্রতিবেদন	সংখ্যা	৮	৭	৮	৮	৯	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	
সচেতনতা বৃদ্ধি	সচেতনতা প্রচারাভিযান	সংখ্যা	৯০	৪০	৩৮	৪০	৪০	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	
	প্রচার পুস্তিকা বিতরণ	সংখ্যা	২৫৪৫০	১৮৬৮৫	২১৮০০	২২০০০	২২৫০০	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	
কম সময়ে ও কম খরচে গুণগত মান সম্পন্ন পণ্য উৎপাদন	KAIZEN কর্মসূচী বাস্তবায়ন	সংখ্যা	৮	২	৩	৩	৩	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	
	ফাইভ এস ও কিউসি সার্কেল প্রয়োগ	সংখ্যা	২৭	২৬	২৮	২৮	২৮	এনপিও ও শিল্প মন্ত্রণালয়	

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম, অগ্রাধিকার এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	ভিত্তি বছর (Base Year) ১৩-১৪	প্রকৃত অর্জন* ১৪-১৫	লক্ষ্য মাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16)					প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭	প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্ন		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
উৎপাদনশীলতা বিষয়ে জনগণকে সচেতন করা	৬৫	প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন	পরিচালিত প্রশিক্ষণ ও কর্মশালা	সংখ্যা	৪০	২৯	৪২	৩৭	৩৩	৩০	২৬	২৪	৪০	৪২
		গবেষণা প্রতিবেদন প্রস্তুত	প্রস্তুতকৃত প্রতিবেদন	সংখ্যা	১০	৮	৭	৮	৭	৬	৫	৪	৮	৯
		পুস্তিকা / পোস্টার বিতরণ করা	বিতরণকৃত প্রচার পুস্তিকা/পোস্টার	সংখ্যা	৫	২৫৪৫০	১৮৬৮৫	২১৮০০	১৯৬২০	১৭৪৪০	১৫২৬০	১৩০৮০	২২০০০	২২৫০০
		আন্তর্জাতিক প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করা	বছরে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রশিক্ষণ/ সেমিনার	সংখ্যা	৫	১	১	১	০	০	০	০	১	১
		ই-লার্নিং কোর্স পরিচালনা করা	বছরে অনুষ্ঠিত ই-লার্নিং কোর্স	সংখ্যা	৫	৫	৫	৫	৫	৪	৪	৩	৫	৫
উৎপাদনশীলতা বৃদ্ধির কলাকৌশলকে কাজে লাগানোর মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা	১৫	কারখানায় ফাইভ এস ও কিউসি সার্কেল প্রয়োগ	বিভিন্ন কারখানায় ফাইভ এস ও কিউসি সার্কেল কমিটি গঠন	সংখ্যা	৫	২৭	২৬	২৮	২৫	২২	২০	১৭	২৮	২৮
		KAIZEN কর্মসূচী বাস্তবায়ন	বছরে অনুষ্ঠিত KAIZEN কর্মসূচী	সংখ্যা	৫	৮	২	৩	৩	২	২	৩	৩	
		টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান	বছরে প্রদানকৃত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES)	সংখ্যা	৫	২	১	২	২	২	১	০	২	২
প্রনোদনা দেওয়া	৫	শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি	প্রদত্ত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড	সংখ্যা	৫	১২	১০	১৭	১৬	১৫	১৪	১৩	১৮	১৮


## দপ্তর/সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	কলাম-৬ লক্ষ্য মাত্রার মান/২০১৫-১৬ (Target Value for FY 2015-16)				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্ন
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	১৫ অক্টোবর	১৯ অক্টোবর	২২ অক্টোবর	২৬ অক্টোবর	২৯ অক্টোবর
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন	সংখ্যা	১	৫	৪	৩	-	-
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর	সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত	তারিখ	১	২৮ এপ্রিল ২০১৬	৫ মে ২০১৬	১২ মে ২০১৬	১৯ মে ২০১৬	২৬ মে ২০১৬
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘণ্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত	তারিখ	১	২৯ অক্টোবর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
		দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	১	০১ ডিসেম্বর	০৭ ডিসেম্বর	১৪ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২৮ ডিসেম্বর	
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন	মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত	%	১	১০০	৯৫	৯০	৮৫	৮০
		আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
		দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন	৫	পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহে সিটিজেনস চার্টার প্রণয়ন	পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত	তারিখ	১	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯ জুন ২০১৬
		দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯ জুন ২০১৬	
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ	বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন	সংখ্যা	১	৫	৪	৩	২	১
		অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০



আমি, পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর প্রতিনিধি হিসেবে শিল্প মন্ত্রণালয়ের মাননীয় সচিব মহোদয়ের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।


আমি, সচিব, শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালকের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।



তারিখ ১২/০১/২০১৫

পরিচালক

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)



তারিখ ১২ জুলাই ২০১৫

সচিব

শিল্প মন্ত্রণালয়

সংযোজনী-১

শব্দ সংক্ষেপ

(Acronyms)

NPO ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন  
APO এশিয়ান প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচক বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন	পরিচালিত প্রশিক্ষণ ও কর্মশালা	দেশের শিল্প কারখানা সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির কলাকৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের জন্য এনপিও কর্মসূচী পরিচালনা করে।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
গবেষণা প্রতিবেদন প্রস্তুত	প্রস্তুতকৃত প্রতিবেদন	দেশের শিল্প কারখানাসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়ে সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করা হয়।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
পুস্তিকা / পোষ্টার বিতরণ করা	বিতরণকৃত প্রচার পুস্তিকা/পোষ্টার	দেশের শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের শ্রমিক, কর্মকর্তা-কর্মচারী ও উদ্যোক্তাদের উৎপাদনশীলতা বিষয়ে সচেতন করে তোলার জন্য সচেতনতামূলক প্রচার পুস্তিকা ও পোষ্টার বিতরণ করা হয়ে থাকে।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
আন্তর্জাতিক প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা	বছরে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রশিক্ষণ/সেমিনার	এনপিও ও অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের জন্য এপিও'র সদস্য দেশ সমূহে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ/সেমিনারে প্রতিনিধি প্রেরণ করা হয়।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
ই-লার্নিং কোর্স পরিচালনা করা	বছরে অনুষ্ঠিত ই-লার্নিং কোর্স	বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ বাংলাদেশে বসে ইন্টারনেটের মাধ্যমে জাপানে অবস্থিত এক্সপার্টদের দ্বারা প্রশিক্ষণ গ্রহণ করে।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
কারখানায় ফাইভ এস ও কিউসি সার্কেল প্রয়োগ	বিভিন্ন কারখানায় ফাইভ এস ও কিউসি সার্কেল কমিটি গঠন	কারখানায় গঠনকৃত ফাইভ এস ও কিউসি সার্কেল কমিটি ফাইভ এস ও কিউসি সার্কেল বাস্তবায়নের দায়িত্ব পালন করে যার মাধ্যমে অল্প বিনিয়োগে কিংবা অনেক সময় বিনিয়োগ ছাড়াই প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি করা যায়।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
KAIZEN কর্মসূচী বাস্তবায়ন	বছরে অনুষ্ঠিত KAIZEN কর্মসূচী	বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান সমস্যা সমূহ চিহ্নিত করে তা KAIZEN পদ্ধতিতে সমাধানের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য KAIZEN এক্সপার্টদের দ্বারা কার্যক্রম পরিচালনা করা হয়।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান	বছরে প্রদানকৃত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES)	এপিও'র মাধ্যমে জাপান থেকে এক্সপার্ট এনে বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানের প্রযুক্তিগত সমস্যার সমাধান করা হয়।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
শিল্প খাতে অবদানের জন্য পুরস্কার এবং স্বীকৃতি	প্রদত্ত ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড	শিল্পোদ্যোক্তাগণকে শিল্প উন্নয়নে উৎসাহিত করার জন্য শিল্প ক্ষেত্রে তাদের অবদানের স্বীকৃত স্বরূপ শিল্প মন্ত্রণালয় কর্তৃক কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করা হয়ে থাকে।	এনপিও	এনপিও ও শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী-৩: অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের চাহিদা	চাহিদা প্রত্যাশার/যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
রসায়ন, ট্যানারী ও লেদার, বস্ত্র, ফিস প্রসেসিং ও ফাইন্যান্সিয়াল ইন্টারমিডিয়েশন, প্রকৌশল ও আইটি, সেবা ও কৃষি, ক্ষুদ্র ও কুটির, চিনি ও খাদ্য, পাট, পরিবহন, যোগাযোগ ও পর্যটন ভিত্তিক প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান	গবেষণা প্রতিবেদন	যথা সময়ে সঠিক তথ্য সরবরাহ	যথাসময়ে সঠিক তথ্য পাওয়া না গেলে গবেষণা প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব নয়	১০০%	গবেষণা প্রতিবেদন প্রস্তুত করা সম্ভব হবে না
		প্রশিক্ষণ ও কর্মশালা	বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের প্রস্তাব প্রেরণ	প্রশিক্ষণের প্রস্তাব যথাসময়ে না আসলে বছরে প্রশিক্ষণের নির্ধারিত লক্ষ্যমাত্রা পূরণে সমস্যা হবে	৩০%	প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে সমস্যা হবে